# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার নং-১৪

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০ / ২৬ জুলাই ২০২৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০২৩ এর ১৫(১০) ধারা পরিপালন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ২৬ জুন ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং উক্ত তারিখ হতে কার্যকর ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০২৩ (২০২৩ সনের ১৩ নং আইন) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (সংশোধন ২০১৮) এর ১৫(১০) ধারায় কোনো একক পরিবার হতে চারজনের অধিক সদস্য একই সময় কোন ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে অধিষ্ঠিত থাকবে না মর্মে উল্লেখ ছিল। ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০২৩ এ ধারা ১৫ এর উপধারা (১০) নিম্নরূপভাবে সংশোধন করা হয়েছে: ''আপাততঃ বলবৎ অন্য কোন আইন অথবা কোন ব্যাংক-কোম্পানীর সংঘ/স্মারক বা সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন একক পরিবার হইতে ৩ (তিন) জনের অধিক সদস্য একই সময় কোন ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে অধিষ্ঠিত থাকিবে না"।

০৩। এমতাবস্থায়, ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০২৩ এর ধারা ১৫ এর উপধারা (১০) এর উদ্দেশ্য পূরণকল্পে কোন ব্যাংক-কোম্পানীর কোন পরিচালকের পদত্যাগ করা আবশ্যক হলে পরিচালকগণের মধ্য হতে কোন পরিচালক উক্ত পদ ত্যাগ করবেন তা পরিচালকদের পারস্পরিক সমঝোতার মাধ্যমে নির্ধারিত হবে এবং পারস্পরিক সমঝোতায় উপনীত হতে ব্যর্থ হলে তা পরিচালনা পর্ষদের সভায় লটারী অনুষ্ঠানের মাধ্যমে নির্ধারণ করতে হবে।

০৪। স্বল্পতম সময়ের মধ্যে একক পরিবার হতে পরিচালক সংখ্যা তিনজনে নামিয়ে এনে বিষয়টি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ডিভিশন-২ কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫